

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৯০৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّفَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর দরুদ পাঠ করে সে কৃপণ নয়

ذَكَرُ نَفِي الْبُخْلِ عَنِ الْمُصَلِّي عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

906 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدٍ بْنِ مُصْعَبٍ بِسَنَجٍ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سِنَانٍ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا أَبُو عَامِرٍ الْعَقَدِيُّ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ بِلَالٍ عَنْ عُمَارَةَ بْنِ غَزِيَّةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَلِيٍّ بْنِ حُسَيْنٍ عَنْ عَلِيٍّ بْنِ حُسَيْنٍ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ الْبَخِيلَ مَنْ ذُكِرْتُ عَنْدهُ فَلَمْ يُصَلِّ عَلَيَّ)

الراوي : حُسَيْنُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 906 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: هَذَا أَشْبَهُ شَيْءٍ رُوِيَ عَنِ الْحُسَيْنِ بْنِ عَلِيٍّ وَكَانَ الْحُسَيْنُ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ حَيْثُ قُبِضَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، ابْنُ سَبْعِ سِنِينَ إِلَّا شَهْرًا، وَذَلِكَ أَنَّهُ وُلِدَ لِلَّيَالِ خَلَوْنَ مِنْ شَعْبَانَ سَنَةِ أَرْبَعٍ، وَابْنُ سِتِّ سِنِينَ وَأَشْهُرٍ إِذَا كَانَتْ لُغْتُهُ الْعَرَبِيَّةَ يَحْفَظُ الشَّيْءَ بَعْدَ الشَّيْءِ.

বাংলা

৯০৬. হুসাইন রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই কৃপণ ঐ ব্যক্তি যার নিকটে আমার আলোচনা করা হয়, কিন্তু সে আমার উপর দরুদ পাঠ করে না।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “হুসাইন বিন আলী থেকে যা কিছু বর্ণিত হয়েছে, এই হাদীসটি সবচেয়ে উত্তম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মারা যান, তখন তাঁর বয়স ছিল এক মাস কম সাত বছর। কেননা তিনি হিজরী চতুর্থ বছরের শা'বান মাসের কয়েক রাত অতিবাহিত হওয়ার পর জন্ম গ্রহণ করেছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মারা যান, তখন তাঁর বয়স ছিল ছয় বছর কয়েক মাস,

যখন তিনি আরবী ভাষা কিছু কিছু করে শিক্ষা করছিলেন।”

ফুটনোট

[1] হাকিম: ১/৫৪৯; মুসনাদ আহমাদ: ২/২৫৪; তিরমিযী: ৩৫৪৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৯০৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হুসাইন রাঈয়াল্লাহু আনহু

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89410>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন